



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৬.১৯.০০৭.২০০২- ৪০০

তারিখঃ

২৬ অশ্বিন ১৪২৪ বঃ।
২২ অক্টোবর ২০১৭ খ্রিঃ।

বরাবর

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, যশোর।

বিষয়ঃ যশোর অঞ্চলের অভয়নগর উপজেলার ২০০ মেঃ টন এবং বাঘারপাড়া ২০০ মেঃ টন সার গুদাম ২টি ভাড়া প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-১৪৬ তারিখ: ১৯/০৯/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর অঞ্চলের অভয়নগর ২০০ মেঃ টন ও বাঘারপাড়া ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ২টি ভাড়া প্রদানের পূর্বে ভাড়ার পরিমাণ নির্ধারণের বিষয়ে নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট Market Assessment কমিটি গঠন করা হলো।

কমিটির গঠন নিম্নরূপঃ

১. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, যশোর----- আহ্বায়ক;
২. পিডব্লিওডি/এলজিইডি এর একজন প্রকৌশল প্রতিনিধি----- সদস্য;
৩. নির্বাহী প্রকৌশলী (সওকা), বিএডিসি, যশোর----- সদস্য সচিব।

কমিটির কার্যপরিধিঃ

- (১) আলোচ্য গুদাম সমূহের বর্তমান অবস্থা ও পারিপার্শ্বিক এবং বাণিজ্যিক গুরুত্ব বিবেচনায় বর্গফুট অনুযায়ী বাস্তব ভিত্তিক ভাড়ার পরিমাণ নির্ধারণ।
- (২) সার সংরক্ষণের জন্য বর্ণিত গুদাম ২টি প্রয়োজনীয়তা রয়েছে কিনা সুস্পষ্ট মতামত প্রদান।

এমতাবস্থায়, যশোর অঞ্চলের অভয়নগর ২০০ মেঃ টন ও বাঘারপাড়া ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ২টি ভাড়া প্রদানের পূর্বে কার্যপরিধি মোতাবেক ভাড়ার পরিমাণ নির্ধারণ ও মতামতসহ গঠিত Market Assessment কমিটির প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২. এ বিষয়ে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন রয়েছে।

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. ব্যবস্থাপক (পরিবহন), বিএডিসি, ঢাকা।
৪. ব্যবস্থাপক (বিক্রয়), বিএডিসি, ঢাকা।
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।